



বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭০৬৮০, ৮৮৭০২৬৬ ফ্যাক্স: ৮৮-০২-৮৮৭০৭২৮

www.bitac.gov.bd



তারিখ: ০৫ এপ্রিল ২০২২

সংবাদ বিজ্ঞপ্তি

চতুর্থ শিল্প বিপ্লব: মেকাট্রনিক্স এবং অটোমেশন টেকনোলজির মাস্টার ট্রেনিং

চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে মেকাট্রনিক্স এবং অটোমেশন টেকনোলজির মাস্টার ট্রেনিং বিষয়ে বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্রে (বিটাক) তিন দিনের কনফারেন্স শুরু হয়েছে। বিটাকের টুল অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউটে ০৫ এপ্রিল ২০২২ তারিখ বুধবার বেলা ১২টায় এ কনফারেন্সের উদ্বোধন করেন বিটাকের মহাপরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী।

উদ্বোধনী সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এটুআই-এর পলিসি অ্যাডভাইজার জনাব আনীর চৌধুরী এবং স্বাগত বক্তব্য রাখেন বিটাকের পরিচালক ড. সৈয়দ মো. ইহসানুল করীম। কনফারেন্সের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে বক্তব্য রাখেন অধ্যাপক ড. বিভূতি রায়, ব্রেমেন বিশ্ববিদ্যালয়, জার্মানি। তিনি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের ধারণা অনেক বিস্তৃত। আগামীর পৃথিবীর সাথে তাল মিলিয়ে চলতে হলে আমাদের চতুর্থ শিল্প বিপ্লবে অংশ গ্রহণের জন্য প্রস্তুতি নিতে হবে। তার অংশ হিসেবে মেকাট্রনিক্স এবং অটোমেশন টেকনোলজির মাস্টার ট্রেনিং তৈরির পরিকল্পনা গ্রহণ করতে হবে।

জনাব আনীর চৌধুরী বলেন, ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত বিশ্বের রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে সরকার কাজ করে যাচ্ছে। সে লক্ষ্যে এখন থেকেই চতুর্থ শিল্প বিপ্লবের প্রস্তুতি গ্রহণ করতে হবে। বিটাক ইতোমধ্যে তাদের কর্মকাণ্ডের লক্ষ্য ও উদ্দেশ্যে চতুর্থ শিল্প বিপ্লবের ধারণাকে যুক্ত করেছে। এখন এই ধারণাকে বাস্তবে রূপ দেওয়ার জন্য কাজ করতে হবে।

কনফারেন্সের সভাপতি জনাব আনোয়ার হোসেন চৌধুরী বলেন, চতুর্থ শিল্প বিপ্লবকে বর্তমান সরকার অত্যন্ত গুরুত্ব সহকারে গ্রহণ করেছে। আগামী দিনে বিশ্বের বুকে মাথা উঁচু করে বেঁচে থাকতে হলে এর চ্যালেঞ্জ মোকাবিলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। চতুর্থ শিল্প বিপ্লবের সাথে সংশ্লিষ্ট জনশক্তিকে উপযুক্ত প্রশিক্ষণ প্রদান এবং উন্নতমানের মেশিন ও যন্ত্রপাতি আমদানি, তৈরি, মেরামত ও স্থাপনের জন্য বিটাক নিবিড়ভাবে কাজ করবে।

মেকাট্রনিক্স প্রযুক্তিবিদ্যার একটি আন্তঃবিভাগীয় শাখা, যা মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স এবং কন্ট্রোল সিস্টেমের মাধ্যমে ইন্ডাস্ট্রিতে প্রয়োগ করা হয়। বর্তমানে বাংলাদেশের বিভিন্ন ইন্ডাস্ট্রিতে এর প্রয়োগ ব্যাপকভাবে শুরু হওয়ায় বিটাকের টুল অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউট দক্ষ জনবল তৈরির জন্য মাস্টার ট্রেনিং তৈরির একটি পরিকল্পনা গ্রহণ করেছে। এ বিষয়ে বিটাক, জার্মানির ব্রেমেন বিশ্ববিদ্যালয়, মেকাট্রনিক্স ইকুইপমেন্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান ফেস্টো এবং এটুআই যৌথভাবে তিন দিনের এই কনফারেন্স আয়োজন করেছে।

এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. মো. ওমর ফারুক, ফেস্টোর এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের পরিচালক জনাব ভলকার স্মিদ, ব্রেমেন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ওয়ার্কপ্লেস কোয়ালিফিকেশন এর ব্যবস্থাপনা পরিচালক রেইমুন্ড ফ্রাঙ্ক, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি জনাব আব্দুর রাজ্জাক প্রমুখ।

এস. এম. রাসেল রাব্বী

জনসংযোগ কর্মকর্তা, বিটাক